খবর
সোজাসুজি
প্রতিনিয়ত খবরের আপডেট পেতে ফলো করুন আমাদের ফেসবুক, ইউটিউব, ট্যুইটার এবং ইন্সটাগ্রাম।
Follow Us :
facebook.com/khaborsojasuji
youtube.com/@khaborsojasuji
twitter.com/Khaborsojasuji
instagram.com/khaborsojasuji
www.khaborsojasuji.com

KHABOR SOJASUJI

খবর সোজাসুজি

Title Code : WBBEN16086 (Govt of India)
Declaration Memo No. 718/JM/XVIII/01/2023 (press) (Govt of W.B.)
Editor - ISRAIL MALLICK

প্রতি ইংরেজি মাসের
১৫ ও ৩০ তারিখ
প্রকাশিত হচ্ছে পাক্ষিক সংবাদপত্র
খবর সোজাসুজি

বিজ্ঞাপনের জন্য
যোগাযোগ করুন
৯৪৩৪৫৬৬৪৯৮
www.khaborsojasuji.com

Vol-1 ● Issue-17 ● Bardhaman ● 15 February, 2024 ● Rs. 2.00 (Four Pages) ● Publisher - Israil Mallick

এক নজরে

- লক্ষ্মীর ভান্ডারে জেনারেল কাস্ট মহিলাদের ১০০০ টাকা এবং এসসি, এসটি মহিলাদের ১২০০ টাকা করে দেওয়া হবে, বাজেটে ঘোষণা করলেন রাজ্যের অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য।
- ‘‘শাহজাহান মমতা ব্যানার্জির আশ্রয়ে আছে। কালীঘাটে রেড করুক,পেয়ে যাবে শাহজাহানকে’’, বিস্ফোরক শুভেন্দু অধিকারী।
- দুর্ঘটনার কবলে বীরভূমের মুরারাই থানার ওসির গাড়ি। ডাম্পারের সঙ্গে মুখোমুখি সংঘর্ষে ঘটনাস্থলেই মৃত্যু ওসির গাড়ির চালক হামিদুল হোসেনের। গুরুতর জখম অবস্থায় ওসি শাকিব সাহেব সিউড়ি সদর হাসপাতালে চিকিৎসাধীন।
- ২০২৪ সালের আগেই দেশে চালু হবে সিএএ আইন, জানালেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। কারও ভারতীয় নাগরিকত্ব কাড়বে না এই আইন, জানালেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।
- সরস্বতী পুজোর চাঁদা তোলাকে কেন্দ্র করে ধুন্ধুমার মেমারির মালম্বায়, গ্রেফতার ৫
- হুগলি লোকসভা কেন্দ্র থেকেই বিজেপির প্রার্থী হচ্ছেন লকেট চ্যাটার্জি, সাংবাদিক সম্মেলনে নিজেই দাবি করলেন হুগলির সাংসদ লকেট চ্যাটার্জি।
- শওকত মোল্লার গ্রেফতারির দাবিতে সরব নওশাদ সিদ্দিকী !
- গ্রেফতার আরাবুল ইসলাম। আইএসএফ কর্মী খুনের সাত মাস পর গ্রেফতার আরাবুল।
- স্ত্রীর প্রেমিকের হাতে নিজের স্ত্রীকে তুলে দিলেন স্বামী ! বিয়ের পাঁচ বছর পর বউ পালাল প্রেমিকের সঙ্গে ! ধনেখালির গুড়বাড়ি ২ গ্রাম পঞ্চায়েতের বেলগাছিয়া গ্রামের ঘটনা। ঘটনাকে কেন্দ্র করে প্রবল চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।
- কেন্দ্রের ১০০ দিনের কাজের পাল্টা রাজ্যে চালু হচ্ছে ৫০ দিনের কাজ, ঘোষণা করলেন রাজ্যের অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য।
- ৫০০ টাকা করে বাড়ল মিড ডে মিলের রাঁধুনিদের ভাতা, বাজেটে ঘোষণা করলেন রাজ্যের অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য।
- ১০০০ টাকা করে ভাতা বাড়ল সিভিক ভলেন্টিয়ার্স,গ্রীণ ও ভিলেজ পুলিশেদের,রাজ্য বাজেটে ঘোষণা করলেন রাজ্যের অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য।
- ‘‘আমার জন্ম হয়েছে আন্দোলনের মধ্যে দিয়ে,আমার মৃত্যুও হবে আন্দোলনের মধ্যে দিয়ে। মনে রাখবেন আমার নাম

(এরপর চারের পাতায়)

শাহজাহান মমতা ব্যানার্জির আশ্রয়ে আছে,বিস্ফোরক মন্তব্য শুভেন্দুর

নিজস্ব সংবাদদাতা ঃ লক্ষ্য ২০২৪ এর লোকসভা নির্বাচন।২০২৪ এর লোকসভা নির্বাচনের হটস্পট হতে চলেছে ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্র।ডায়মন্ডহারবার লোকসভা কেন্দ্রে আইএসএফের প্রার্থী হচ্ছেন ভাঙড়ের বিধায়ক নওশাদ সিদ্দিকী। অন্যদিকে ডায়মন্ডহারবারের সাংসদ তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। এবার কার্যত লোকসভা নির্বাচনে রাজনৈতিক মহলের লক্ষ্য ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্র।এখনও পর্যন্ত ডায়মন্ডহারবার লোকসভা কেন্দ্র থেকে বিজেপি প্রার্থীর নাম সামনে আসেনি। কিন্তু লোকসভা নির্বাচনের আগে ভোট ময়দানে নেমে পড়েছে গেরুয়া শিবির।শনিবার এই লোকসভা কেন্দ্রের আমতলাতে একটি জনসভা করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। মূলত এই জনসভা থেকে রাজ্য সরকারকে কার্যত তুলধনা করলেন নন্দীগ্রামের বিধায়ক। একের পর এক দুর্নীতি ইস্যু নিয়ে রাজ্য সরকারকে তীরবিদ্ধ করতে ভোলেননি পোড় খাওয়া শুভেন্দু।সকল মণ্ডল সভাপতিকে নিজের হাতে সম্বর্ধনা জ্ঞাপন করেন। এদিনের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজেপির সভানেত্রী অগ্নিমিত্রা পল , বিজেপির সাংগঠনিক জেলার সভাপতি অজিত সর্দার, ডায়মন্ডহারবার বিধানসভার প্রাক্তন বিধায়ক দীপক কুমার হালদার সহ অন্যান্য নেতৃবৃন্দ।এদিন শুভেন্দু অধিকারী বলেন,‘‘নাগরিকত্ব আইন পাস হলে সবচেয়ে বেশি সুবিধা পাবে মতুয়া সম্প্রদায়ের মানুষজন। এর আগে মতুয়া সম্প্রদায়ের মানুষজনকে একাত্তরের জমির দলিল দেখাতে হতো। কিন্তু এই নাগরিকত্বের আইন পাস হলে সেই দলিল আর দেখাতে হবে না। বাংলাদেশ থেকে যে সকল হিন্দুরা দেশভাগের জ্বালা নিয়ে ভারতবর্ষে চলে এসেছিল তাদেরকে এই আইনের মাধ্যমে স্বীকৃতি দেওয়া হবে।’’ এর পাশাপাশি তিনি সন্দেশখালির বেতাজ বাদশা শেখ শাহজাহান প্রসঙ্গে বলেন,‘‘শেখ শাহজাহান মমতা ব্যানার্জির আশ্রয় রয়েছে। কালীঘাটে রেট করুক তাহলে পেয়ে যাবে শাহজাহানকে। প্রতিদিন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় মধ্যাহ্নভোজন ও নৈশ ভোজন করছে শাহজাহানের সাথে।’’ রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন,‘‘এগারোর আগে নন্দীগ্রাম দেখিয়েছিল লড়াই, এখন দেখাচ্ছে সন্দেশখালি। মাতৃ শক্তি মমতার পাঁচশ হাজারে মমতার দিকে যাওয়ার লোক নয়। মধ্যপ্রদেশে দেড় হাজার টাকা লক্ষীর ভান্ডারের মতন যে প্রকল্পে মধ্যপ্রদেশের সরকার মহিলাদের দিত সেই প্রকল্পের অর্থ এখন ৩ হাজার টাকা হয়ে গিয়েছে।লক্ষীর ভান্ডার আমাদের সরকারের আগে আসাম সরকার আড়াই হাজারের বদলে তিন হাজার টাকা করে দিচ্ছে। যেদিন বিজেপি

(এরপর দুয়ের পাতায়)

খন্ডঘোষের লোদনা পঞ্চায়েত এলাকায় পুলিশের রুট মার্চ

নিজস্ব সংবাদদাতা ঃ পূর্ব বর্ধমান জেলা পুলিশের সদর দক্ষিণ মহকুমার খণ্ডঘোষ থানার অন্তর্গত লোদনা পঞ্চায়েত এলাকায় রবিবার রুট মার্চ করলেন বর্ধমান সদর দক্ষিণের এসডিপিও অভিষেক মন্ডল,সার্কেল ইন্সপেক্টর তপন কুমার বসাক,ওসি খণ্ডঘোষ রাজেশ মাহাতো সহ খণ্ডঘোষ থানার অন্যান্য পুলিশ কর্মীরা।রুট মার্চের সময় এলাকার বাসিন্দাদের সাথে কথা বলেন পুলিশ আধিকারিকরা এবং একইসঙ্গে গ্রামবাসীরা কোনরকম সমস্যায় পড়লে যাতে সরাসরি থানায় যোগাযোগ করতে পারেন তার জন্য থানার নম্বরও দেওয়া হয় গ্রামবাসীদের।

গুড়াপের সভা থেকে বিজেপিকে তীব্র ভাষায় আক্রমণ করলেন ধনেখালির বিধায়ক অসীমা পাত্র।

জঘন্য রাস্তা,ক্ষুব্ধ জনগণ

নিজস্ব সংবাদদাতা ঃ জঘন্য রাস্তা কাকে বলে তা জানতে আপনাকে যেতে হবে ধনেখালি থানা এলাকার হাজিপুরে।এই গ্রামের বুক চিরে চলে গেছে একটি পিচ রাস্তা,যা খানপুর স্টোর আর ধনেখালি থানাকে সংযুক্ত করেছে। পার্শ্ববর্তী কাশীপুর গ্রামের উপর দিয়ে গেছে খানপুর - কানানদী মোড় সংযোগকারী রাজ্য সড়ক।এই দুই গুরুত্বপূর্ণ পিচপথকে জুড়েছে যে রাস্তাটি তার পরিস্থিতি এক কথায় - জঘন্য। এক কিলোমিটার দীর্ঘ

(এরপর দুয়ের পাতায়)

২১ লক্ষ শ্রমিকের ১০০ দিনের কাজের বকেয়া মজুরি ২১ ফেব্রুয়ারি মিটিয়ে দেবে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রীর এই উদ্যোগকে স্বাগত জানিয়ে রাজ্য সরকারকে ধন্যবাদ জানাতে রবিবার ৪ ফেব্রুয়ারি জামালপুর ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি মেহেমুদ খাঁনের নেতৃত্বে জামালপুর হালারা মোড় থেকে জামালপুর বাসস্ট্যান্ড পর্যন্ত অনুষ্ঠিত হল সুবিশাল মিছিল।

খবর সোজাসুজি

Volume-1 ● Issue-17 ●15 February, 2024

কল্পতরু মমতা

সামনেই লোকসভা নির্বাচন। জনতা জনার্দনের মন পেতে লোকসভা নির্বাচনের কথা মাথায় রেখে ঘোষিত হল রাজ্য বাজেট। কি নেই বাজেটে! মহিলা,যুব, কৃষক, শ্রমিক, মৎস্যজীবী, চাকরিজীবি, চুক্তি ভিত্তিক কর্মী সকলের জন্যেই কিছু না কিছু ঘোষণা করা হয়েছে বাজেটে।লক্ষ্মীর ভান্ডারের ৫০০ টাকা বেড়ে ১০০০ টাকা হয়েছে,আর ১০০০ টাকা বেড়ে ১২০০ টাকা হয়েছে।এতে যারপরনাই খুশি মহিলারা।বাংলার শস্য বীমায় আলু চাষের জন্যও আর প্রিমিয়াম দিতে হবে না চাষীদের। কর্ম সংস্থানের লক্ষ্যে সরকারি দপ্তর ও সরকার নিয়ন্ত্রিত সংস্থায় পাঁচ লাখ শূন্য পদ পূরণের কথা ঘোষণা করা হয়েছে।সরকারি কর্মীদের বাড়ছে ডিএ, সিভিক ভলেন্টিয়ার্স, গ্রীণ পুলিশ,ভিলেজ পুলিশদেরও মাসিক ভাতা ১০০০ টাকা করে বাড়ছে।মিড ডে মিলের রাঁধুনিদের ভাতাও বাড়ছে।বাদ নেই চুক্তি ভিত্তিক কর্মীরাও। তাদের ভাতাও বাড়ছে। কেন্দ্রের ১০০ দিনের কাজের বিকল্প হিসেবে রাজ্যে চালু হচ্ছে ৫০ দিনের কাজ। নিঃসন্দেহে এগুলো সব ভালো উদ্যোগ।কিন্তু এত টাকা আসবে কোথা থেকে তার সুনির্দিষ্ট কোনো দিশা নেই। রাজ্যে নেই নতুন কোনো শিল্প, রাজস্ব আদায়ের পরিমাণও কম। তাহলে উপায় ? সোজা রাস্তা ধার করে ঘি খাওয়া। আর সরকার বেপরোয়া ভাবে সে পথেই হাঁটছে।ফলে দিন দিন ঋণের বোঝা বাড়ছে রাজ্যের মানুষের মাথায়। অনেকেই বলাবলি করছেন,ধার করতে করতে পশ্চিমবঙ্গ সরকার খুব ধারালো হয়ে গেছে ! কর্মশ্রী প্রকল্পে বছরে ৫০ দিনের কাজের নিশ্চয়তার কথা বাজেটে ঘোষণা থাকলেও বরাদ্দ নেই।আবার আবাস যোজনার টাকা কেন্দ্র না দিলে রাজ্য টাকা দিয়ে দেবে বলে ঘোষণা করা হয়েছে বাজেটে,কিন্তু বরাদ্দ শূন্য। আবার চলতি অর্থ বর্ষে ১০০ দিনের কাজের ২১ লক্ষ শ্রমিকের বকেয়া টাকা ২১ ফেব্রুয়ারি মেটানোর ঘোষণা থাকলেও তাতেও বরাদ্দ শূন্য। কোথা থেকে সেই টাকা দেওয়া হবে তার কোনো উল্লেখ নেই। যদিও আগামী বাজেটে তার সংস্থান রাখা হয়েছে। কিন্তু এ বছরের খরচ আগামী বছরে বরাদ্দ হয় কিভাবে তাও বোঝা মুশকিল। কেন্দ্র টাকা না দিলে আমিই দেব - এ তো আত্মঘাতী চিন্তাভাবনা।যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় কেন্দ্রের কাছ থেকে প্রাপ্য টাকা আদায় করে নিয়ে আসাই হচ্ছে রাজ্য সরকারের কাজ। কেন্দ্রের প্রতি রাগ করে বসে থাকলে চলবে না। কারণ ধার করে বেশি দিন চলবে না।রাজ্যের স্বার্থে,জনগণের স্বার্থে কেন্দ্রের কাছ থেকে প্রাপ্য আদায়ের উদ্যোগে নিতেই হবে,তা যে দলেরই সরকার কেন্দ্রে থাকুক না কেন।আর নতুন কর্মসংস্থানের লক্ষ্যে শিল্পায়নেও জোর দিতে হবে। তবে বিস্তর সমালোচনা সত্ত্বেও এ কথা বলাই যায়,আর্থিকভাবে রাজ্য সরকার দুর্বল হলেও জন কল্যাণে রাজ্য সরকারের সদিচ্ছার কোনো অভাব নেই। ঘাটতি থাকলেও সামাজিক উন্নয়ন প্রকল্পে মা মাটি মানুষের সরকারের উদ্যোগ যথেষ্ট প্রশংসনীয়।মানুষের কল্যাণে মমতা ব্যানার্জির সরকারের সদর্থক দৃষ্টিভঙ্গি আরও একবার বাজেটে যে প্রতিফলিত হয়েছে এ কথা নিঃসন্দেহে বলা যায়।

প্রয়াত ভবানী প্রসাদ মজুমদার

নিজস্ব সংবাদদাতা ঃ বিশিষ্ট শিশু সাহিত্যিক ভবানীপ্রসাদ মজুমদার প্রয়াত। বয়স হয়েছিল ৭২ বছর। নিউমোনিয়ায় আক্রান্ত হয়েছিলেন তিনি। ভুগছিলেনন স্মৃতিভ্রংশ সমস্যাতেও। হাওড়ার দাসনগরের বাড়িতে ৭ ফেব্রুয়ারি বুধবার ভোরে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। যে কোনো বিষয় নিয়ে তৎক্ষণাৎ ছড়া বানিয়ে ফেলতে জুড়ি ছিল না ভবানীপ্রসাদের।

প্রথম বই ‘মজার ছড়া’। তারপর এক এক করে বেরোয়, ভূতের ছড়া, খেলার ছড়া ইত্যাদি। তাঁর সমস্ত ছড়া নিয়ে প্রকাশিত সংকলন, ছড়া সমগ্র। প্রখ্যাত কাব্যগ্রন্থের মধ্যে আছে ‘রবীন্দ্রসঙ্গীত’, ‘পদ্মাবতী’, ‘মধুকর্ণিকা’, ‘জন্মভূমি’ ইত্যাদি। বাংলা একাডেমির অভিজ্ঞান পুরস্কার ছাড়াও, শিশু সাহিত্য পরিষদ ও পশ্চিমবঙ্গ শিশু কিশোর একাডেমির পুরস্কার, সুকুমার রায় পদক সহ বিভিন্ন সম্মানে ভূষিত হয়েছিলেন তিনি।

শ্রদ্ধা স্মরণ

সুব্রত মিত্র রানা

আসেন গুড়াপ,হুগলি জেলায়
বাসেন যারা ভালো
টেরাকোটা মন্দিরে গ্রাম
নিশ্চিতই জমকালো

আগে বারুণ বামে ছাড়ুন
গণিত কেশব ধাম
ঐ দেখা যায় বসতবাটী
সদা হাস্য পরিপাটী

রামদা তো নয়,কলম চালান
-------- চট্টখুণ্ডী রাম

FARHAD HOSSAIN
Channel Partner
শেয়ার ও মিউচুয়াল ফান্ডে
বিনিয়োগের জন্য যোগাযোগ করুন।
7718563194
KHANPUR HOOGHLY WEST
BENGAL KHANPUR, HOOGHLY,
WEST BENGAL, INDIA 712308
farhad05ster@gmail.com
www.angelone.in
KHANPUR HOOGHLY WEST
BENGAL KHANPUR, HOOGHLY
WEST BENGAL, INDIA 712308
+917718563194
farhad05ster@gmail.com
AngelOne

পুকুরটা সারগাদা নয়

পার্থ পাল

কুড়ি বছর আগের কথা। কৃষিনির্ভর একটি গ্রামের মাঝে বেশ বড় একটি দিঘি ছিল। তার দু'পাড়ে ছিল কয়েক ঘর মানুষের বাস। দিঘির সঙ্গে খালের মাধ্যমে যুক্ত ছিল তিন কিলোমিটার দূরের একটি নদী। ডিভিসি থেকে জল ছাড়লে নদী,খাল বেয়ে দিঘিতে জল আসতো। তাই জলাশয়টিকে তখন জলহীন অবস্থায় দেখেনি কেউ। ছোটরা তার বুকে সাঁতার কাটতো। কলার ভেলায় ভাসতো। বউ-ঝিরা বাসন মাজত, কাপড় কাচত, সেরে নিত স্নানও। দিঘিটি তখন ছিল মানুষের আয়ের অন্যতম উৎস। জলে ভেসে বেড়াতো পোষা হাঁস, খেলে বেড়াতো নধর দেশি মাছের দল। তাদের থেকে উপার্জন ছাড়াও ছিল গুগলি, শামুক, সিতুই-এর পুষ্টি। ছিল কলমি, শুশনি শাকের অফুরান যোগান। মানুষেরা পুকুরকে যত্ন করত। প্রতিদানে পুকুরও যত্নে রাখতো তাদের।

তারপর ধাপে ধাপে গ্রামবাসীদের লোভ বাড়লো। বাড়লো জনসংখ্যা। পাঁচশ ঘরের গ্রাম বর্তমানে দু'হাজারটি পরিবারের বসতি। ভাই-ভাই এখন এক বাড়িতে ঠাঁই নাই। প্রত্যেকের চাই আলাদা পাকা বাড়ি। ওদিকে জায়গা সীমিত। তাই জায়গার খোঁজে নজর পড়লো দিঘির উপর। পাড় বুজিয়ে সেই দিঘি পরিণত হল পুকুরে।বর্তমানে তা পুকুরেরও তকমা হারিয়ে ‘ডোবা’ উপাধি পেতে চলেছে। পুকুরের চারপাশে পাকা বাড়ি। প্রত্যেক বাড়ির নর্দমা পুকুরমুখী। নোংরা জলে সমৃদ্ধ পুকুর দুর্গন্ধ আর মশার আঁতুড়ঘর। জলের উপর সবুজ শেওলার স্তর ভেসে বেড়ায়। জলে খেলে বেড়ায় ছোট ছোট পোকা। এমন পুকুরে মাছ থাকা সম্ভব না হলেও কষ্টেসৃষ্টে আছে লাইলন টিকারের মতো নোংরাখেকো মাছেরা। কালেভদ্রে সে মাছ খাওয়ার পর পেটের রোগে ভোগা স্বাভাবিক ঘটনা।

পুকুরে এখন আর নদীর জল আসে না। ‘গুচ্ছ মিনি ‘ থেকে জল পেয়ে যাওয়ায় চাষীদের আর খালের কথা মনে থাকে না। বরং সে খাল এখন খাটালের গোবরে পূর্ণপ্রায়। তাই পুকুরকে পূর্ণ করার একক দায়িত্ব বর্ষার জলের। শীত গ্রীষ্মে সে জলও শুকিয়ে গেলে বোঝা যায় বাড়ির নর্দমাগুলি নীরবে কত দায়িত্ব পালন করে চলে।

সবক্ষেত্রের মতো এ ব্যাপারেও শেষমেষ সরকারকে দোষ দিলে তা সত্যের অপলাপ হয়। সরকার জলাশয়ের কথা যথেষ্টই ভাবেন। বর্তমানে জল গণনা তথ্য জানাচ্ছে, ভারতবর্ষে প্রায় চল্লিশ লক্ষ জলাশয় আছে। যার মধ্যে সাড়ে সাত লক্ষই রয়েছে এ রাজ্যে। সেই হিসেবে আমাদের রাজ্য জলসম্পদে আশীর্বাদধন্য। আমরা সেই আশীর্বাদী ফুল কে পায়ে দলেছি। আগে একশ দিনের কাজ প্রকল্পে পুকুর সংস্কারের সংস্থান ছিল। তবে,তাতে শর্তও ছিল। শর্তানুযায়ী যে পুকুর সংস্কার করা হবে তার জলকে অন্যান্য চাষীরাও সেচের কাজে ব্যবহার করতে পারবেন। তাই মাছচাষ ও অন্যান্য প্রয়োজনের জন্য চার ফুট উচ্চতার জল পুকুরে রেখে বাকিটা সেচের জন্য দিতে হতো। সমস্যা বাঁধলো এখানেই। তার জেরে ২০১৫ সাল থেকে এমজি নারেগা প্রকল্পে পুকুর সংস্কারই বন্ধ হয়ে গেল।

কিন্তু চাষ তো থেমে থাকে না। তাই তৈরি হল ‘গুচ্ছ মিনি’। সুইচ টিপে অল্প খরচে জল পেয়ে যাওয়ায় আহ্লাদিত হলেন চাষীরা। জলজীবন মিশনে ‘হর ঘর জল’ এসে যাওয়ায় পুকুরেরা অপাংক্তেয় হয়ে যাচ্ছে আরও। এখন তাদের অবস্থান পাড়ার সারগাদা হিসেবে। আনাজ,প্লাস্টিকের জিনিস ইত্যাদি পলিথিনবন্দী হয়ে পড়ছে পুকুর পাড়ে।এভাবে বাড়ছে পাড় ; কমছে জল। কুড়ি বছর আগের দিঘিটি এভাবেই এখন তার শেষের দিন গুনছে।

অন্যদিকে দেখা যাচ্ছে নতুন আশাও। ‘অমৃত সরোবর’ মিশনের কথা ঘোষণা করেছেন কেন্দ্র সরকার। এই মিশনে সারা দেশে পঞ্চাশ হাজার নতুন সরোবর তৈরির লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। ভূগর্ভের জল সংরক্ষণ করতে এবং আর্সেনিকের মত স্লো পয়জেনকে রুখতে এমন জলাশয় তৈরি ছাড়া দ্বিতীয় রাস্তা নেই। রাজ্য সরকারের ‘জল ধর,জল ভরো’ প্রকল্প বর্তমানে গতিহীন। আমাদের ভালো থাকার জন্যই তাকে আবারও গতিশীল করা আশু প্রয়োজন।

(প্রথম পাতার পর)

জঘন্য রাস্তা,ক্ষুব্ধ জনগণ

হাজিপুর রাঘবিন্দুবাটি থেকে কাশীপুর পর্যন্ত রাস্তাটির দুপাশে বিস্তৃত তিন ফসলি মাঠ।তাই চাষী ভাইদের কাছে পথটির গুরুত্ব অপরিসীম।নাম প্রকাশে অনিচ্ছুক এক গ্রামবাসী জানালেন, ‘‘ প্রত্যেক নির্বাচনের আগে মাটি বা ভাঙা ইট ফেলে রাস্তাটির সাময়িক সারাই হয়।তারপর যাকে তাই। বর্ষাকালে কাদা ও গর্তের মেলবন্ধনে রাস্তাটি অগম্য হয়ে ওঠে।’’ কিছুদিন আগে জল জীবন মিশন প্রকল্পের পাইপ বসাতে খোঁড়া হয়েছে রাস্তা।যার ফলে এখন ঘনঘন ছোটখাটো দুর্ঘটনা ঘটছে। জানা গেল,রাস্তাটি সোমসপুর ২ গ্রাম পঞ্চায়েতের অধীন। রাস্তাটির সামান্য অংশ ইতিমধ্যেই পাকা হয়েছে।যা গুড়বাড়ি ২ গ্রাম পঞ্চায়েতের অধীন। তাই গ্রামবাসীদের ইঙ্গিতপূর্ণ জিজ্ঞাসা,এক পঞ্চায়েত যা পারে, অন্যটি তা পারে না কেন ?

(প্রথম পাতার পর)

শাহজাহান মমতা ব্যানার্জির আশ্রয়ে আছে

সরকার রাজ্যে আসবে সেদিন মায়েরা অন্নপূর্ণা ভাণ্ডারে দু'হাজার টাকা করে পাবে। শিক্ষিত বেকার যুবকদের আমরা চাকরি দেব। মমতা বন্দ্যোপাধ্যায় চাকরি চোর। এ রাজ্যে এখনো পর্যন্ত দু'কোটি বেকার রয়েছে।যে সকল ভাতা এ রাজ্যে চালু রয়েছে উত্তরপ্রদেশের মতনই সে সকল ভাতার অর্থ তিন হাজার টাকা করে দেবে ভারতীয় জনতা পার্টি। আগামী দিনে বিজেপির ডবল ইঞ্জিন সরকার সাড়ে চারশ টাকার গ্যাস দেবে আপনাদেরকে।বিজয় দশমীর তারিখ পরিবর্তন করে রাজ্য সরকার। কিন্তু আমরা এ রাজ্যে ক্ষমতায় এলে বিজয় দশমীর দিনই বিজয় দশমী করা হবে।সনাতন বিরোধী তোষনশীল সরকার,এই সরকারকে উপড়ে ফেলার জন্যই আমাদের লড়াই।’’ কার্যত লোকসভা নির্বাচনের আগে রাজনৈতিক প্রচার শুরু করে দিল গেরুয়া শিবির এই সভার মাধ্যমে, তেমনই মনে করছে রাজনৈতিক বিশেষজ্ঞ মহলের একাংশ। আগামী লোকসভা নির্বাচনে গেরুয়া শিবির ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রকে হাতছাড়া করতে চাইছে না। ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রে যে নির্বাচনী লড়াই হবে সেই লড়াইয়েও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে গেরুয়া শিবির তা শনিবারের সভা থেকে স্পষ্ট করে দিলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

সন্দেশখালি কান্ডের প্রতিবাদে চুঁচুড়ায় পথে বিজেপির মহিলা ও যুব মোর্চার কর্মীরা।

হাঁস মারা যাওয়ায় কেঁদেছিলেন,হাঁস পেয়েও কাঁদলেন ইতি

নিজস্ব সংবাদদাতা ঃ ডিম পারা হাঁসের অস্বাভাবিক মৃত্যুর পর ময়নাতদন্ত চেয়ে প্রশাসনের দ্বারস্থ হয়েছিলেন চুঁচুড়ার গৃহবধূ ইতি বিশ্বাস। সন্দেহ ছিল খাবারে বিষ দিয়ে তিনটি হাঁস মেরে ফেলার। ময়না তদন্তের রিপোর্টের অপেক্ষায় ইতি বিশ্বাস। তারই মধ্যে নটি ডিম পারা হাঁস দিয়ে পাশে দাঁড়ালেন হুগলি জেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ দপ্তরের কর্মাধ্যক্ষ নির্মাল্য চক্রবর্তী। চুঁচুড়ার সিংহি বাগানের বাসিন্দা ইতি বিশ্বাসের ১০টি হাঁস ছিল। যাদের ডিম বিক্রি করে সংসারে কিছুটা সুরাহা হত তার। স্বামী অসুস্থ একমাত্র ছেলের ব্লাড ক্যান্সার। স্কুলের সামনে পাঁপড় ভাজা বিক্রি করে দিন চলে তাদের। তাই হাঁসের ডিম তার কাছে সোনার মতই অমূল্য। গত ২০ জানুয়ারি ইতি বিশ্বাসের ৩টি হাঁসের অস্বাভাবিক মৃত্যু হয়। বাড়ির সামনে পরে থাকা ঠোঙায় রাখা মুড়ি খেয়ে অসুস্থ হয়ে পরে হাঁস গুলো। পরে মারা যায়। মুড়িতে কটু গন্ধ পেয়ে সন্দেহ হয় কেউ বিষ দিয়েছে। জানা গেছে, হাঁস গুলোকে যে খুন করা হয়েছে তা নিশ্চিত হতে ময়না তদন্ত চেয়ে চুঁচুড়া থানা, জেলা পশু হাসপাতালের দ্বারস্থ হন ইতি বিশ্বাস। কোনো সাহায্য না পেয়ে হুগলি জেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ দপ্তরের কর্মাধ্যক্ষ নির্মাল্য চক্রবর্তীকে বিষয়টি জানান।গত ২৪ জানুয়ারি কর্মাধ্যক্ষ ইতিকে নিয়ে থানায় যান। সেখানে ডায়রি করার পর পশু হাসপাতালে যান। মৃত হাঁসগুলির ময়নাতদন্তের ব্যবস্থা করেন। কলকাতায় ভিসেরা পরীক্ষার জন্য নমুনা পাঠানো হয়। তার রিপোর্ট এখনো আসেনি। ইতি বিশ্বাস তার স্বামী ও ক্যান্সার আক্রান্ত ছেলেকে নিয়ে খুব কষ্টে দিন গুজরান করেন। জানতে পেরে শনিবার হুগলি জেলা পরিষদের কর্মাধ্যক্ষ নির্মাল্য চক্রবর্তী নটি ডিম পাড়া হাঁস ইতির হাতে তুলে দেন। যেদিন হাঁস মারা গিয়েছিল সেদিন ছিল চোখে জল। হাঁস পেয়েও জল দেখা যায় ইতির চোখে। হাঁস পেয়ে ইতি বলেন,‘‘কর্মাধ্যক্ষ সাহেবের জন্য আমি হাঁসের ময়না তদন্ত করাতে পেরেছি। উনি আমার বাড়িতে এসে হাঁস দিয়ে গেলেন। এতে আমার খুব উপরকার হবে।’’

নির্মাল্য চক্রবর্তী জানান,‘‘যে ঘটনা হয়েছে তার হাঁস গুলোকে ফিরিয়ে দেওয়ার সামর্থ্য আমাদের নেই। ওনার অভিযোগ ছিল হাঁস গুলোকে বিষ দিয়ে মেরে ফেলা হয়েছে। আমরা ওনাকে বলেছিলাম কয়েকটা হাঁস দেব। প্রথমে নিতে চাননি। আমি তাকে ভাই হিসাবে দিতে চাই বলায় উনি রাজি হন। উনার মতো মানুষের পাশে দাঁড়াতে পেরে আমি গর্বিত।’’

স্বাধীনতা সংগ্রামী তোজাম্মল হোসেন স্মরণ ও স্মারক সংরক্ষণ কক্ষের দ্বারোদ্ঘাটন

নিজস্ব সংবাদদাতা ঃ পূর্ব বর্ধমান জেলার খন্ডঘোষ থানার উখরিদ অঞ্চলের খাঁটিকার গ্রামের নীহার স্মৃতি ভবনের গৃহকর্তা কাজী ফজলে বারি স্বপনের উদ্যোগে রবিবার ১১ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হল এক মহতী সংগ্রহশালা কক্ষের উদ্বোধন এবং সাহিত্য সভা। কাজী ফজলে বারি স্বপন রাজার পিতামহ মরহুম কাজী তোজাম্মল হোসেন সাহেব ছিলেন একজন স্বাধীনতা সংগ্রামী। যিনি দক্ষিণ দামোদর অঞ্চলের প্রতিষ্ঠিত ও সুপরিচিত বটুকেশ্বর দত্ত, রাসবিহারী বসু প্রমুখ স্বাধীনতা সংগ্রামী সহ আরো অনেক বিপ্লবীর মতো দেশের স্বাধীনতা সংগ্রামের সঙ্গে জড়িত ছিলেন। কিন্তু তিনি সেইভাবে এতদিন পরিচিত হতে পারেন নি। কিছু তথ্য প্রমাণের ভিত্তিতে তাঁর তৃতীয় প্রজন্ম তথা পৌত্র কাজী ফজলে বারি স্বপন রাজা রবিবার বহু গুণীজনের সান্নিধ্যে প্রায় বিস্মৃত স্বাধীনতা সংগ্রামী কাজী তোজাম্মল হোসেনের স্মৃতি চারণা সহযোগে তাঁর নামাঙ্কিত কক্ষের উদ্বোধন করেন । এই কক্ষের দ্বারোদ্ঘাটন করেন বিপ্লবী কাজী তোজাম্মল হোসেন সাহেবের একমাত্র জীবিত সন্তান সৈয়দা আজিমা খাতুন। তাঁকে এই কর্মযজ্ঞে সহায়তা করেন স্বাধীনতা সংগ্রামীর পৌত্র কাজী ফজলে বারি এবং নাতি সৈয়দ নুরুল হাফিজ। এই সংগ্রহশালায় তোজাম্মল হোসেন সাহেবের ব্যবহৃত দ্রব্যাদি সহ বেশকিছু বর্তমানে অব্যবহৃত এবং দুষ্প্রাপ দ্রব্যাদি দর্শনার্থীদের জন্য সংরক্ষিত করা হয়েছে। উপস্থিত প্রায় প্রত্যেক ব্যক্তি এই মহতী প্রয়াসের উচ্ছসিত প্রশংসা করেন। উপস্থিত ছিলেন ডঃ সেখ জাহির আব্বাস,ডঃ রমজান আলি, তপন কুমার দে, সেখ আসাদ আলি, মোল্লা সফিকুল ইসলাম,কাজী নুরুল হামিম সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

লক্ষ্মীর ভান্ডারে টাকা বৃদ্ধি করার জন্য মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ জানাতে শনিবার হরিপাল ব্লক তৃণমূল মহিলা কংগ্রেসের উদ্যোগে হরিপাল ডাক বাংলোয় অনুষ্ঠিত হল দিদিকে ধন্যবাদ জ্ঞাপন সভা।

মঙ্গলবার বর্ধমানে বামেদের আইন অমান্য কর্মসূচিতে পুলিশের ব্যারিকেট ভেঙে এগিয়ে চলেছে বাম কর্মী সমর্থকরা।

সন্দেশখালি কান্ডের প্রতিবাদে মঙ্গলবার হুগলির সাংসদ লকেট চ্যাটার্জির নেতৃত্বে দাদপুর থানা থেকে মহেশ্বরপুর পর্যন্ত মিছিল বিজেপির।

১৪ ফেব্রুয়ারি থেকে সম্ভবত শুরু মাধ্যমিক ২০২৫

নিজস্ব সংবাদদাতা ঃ কবে থেকে শুরু হবে ২০২৫ সালের মাধ্যমিক পরীক্ষা, জানিয়ে দিলেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। সোমবার ছিল ২০২৪ মাধ্যমিকের শেষ দিন, ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা। মাধ্যমিক পরীক্ষার শেষের দিনেই শিক্ষামন্ত্রী জানিয়ে দিলেন ২০২৫ মাধ্যমিক পরীক্ষার রুটিন। শিক্ষামন্ত্রী বলেন,আগামী বছর ১৪ ফেব্রুয়ারি শুরু হবে মাধ্যমিক ।শেষ হবে ২৪ ফেব্রুয়ারি ।শিক্ষামন্ত্রী জানান, ২০২৫ সালের ১৪ ফেব্রুয়ারি প্রথম ভাষা, ১৫ ফেব্রুয়ারি দ্বিতীয় ভাষা, ১৭ ফেব্রুয়ারি ইতিহাস, ১৮ ফেব্রুয়ারি ভূগোল, ১৯ ফেব্রুয়ারি জীবন বিজ্ঞান, ২০ ফেব্রুয়ারি পদার্থ বিজ্ঞান, ২২ ফেব্রুয়ারি অঙ্ক, ২৪ ফেব্রুয়ারি ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা ।তবে এই সূচিতে বদল হওয়ার সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু ।কারণ ১৪ ফেব্রুয়ারি শবেবরাত ও ঠাকুর পঞ্চানন বর্মার জন্মদিনের সরকারি ছুটি থাকলে এই সূচি বদলাতে পারে। শিক্ষামন্ত্রী জানিয়েছেন,এ বিষয়ে মধ্যশিক্ষা পর্ষদ ঘোষণা করবে।



নালিকুল থেকে শিয়াখালা ১২ এ রোডে মিরেরচক থেকে জরুটি (বিপ্রপুর) পর্যন্ত রাস্তার দুপাশে এভাবেই রাখা আছে বিভিন্ন ইমারতি দ্রব্য ।যেকোনো সময় ঘটতে পারে বড়সড় দুর্ঘটনা। প্রশাসন নির্বিকার।

ভারত জোড়ো ন্যায় যাত্রায় মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জে রাহুল গান্ধীর সঙ্গে মুখোমুখি মহম্মদ সেলিম,সুজন চক্রবর্তী এবং শতরুপ ঘোষ ! রুদ্ধদ্বার বৈঠকে কংগ্রেস - সিপিএম ! রাজনৈতিক মহলে জল্পনা তুঙ্গে।

চুঁচুড়ায় ধুন্ধুমার ! বিজেপি-পুলিশ ধ্বস্তাধ্বস্তি! রাস্তায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভ! কেন্দ্রীয় সরকারের আয়ুষ্মান ভারত প্রকল্প পশ্চিমবঙ্গে কার্যকর করার দাবিতে পথে হুগলি জেলা বিজেপি মহিলা মোর্চা।

প্রো :- সেখ সাহাদাত
786
M : 9167136973
8597177731
এস. এস. গ্লাস হাউস এন্ড এ্যালুমিনিয়াম ফার্নিচার
এখানে সকল প্রকার এ্যালুমিনিয়াম জানালা, দরজা, পার্টিসেন এবং স্টিলের রেলিং এবং পি.ভি.সি দরজা, গ্লাস দরজা এছাড়াও পর্দা যত্ন সহকারে তৈরী করা হয়।
বিঃদ্রঃ- গ্লাস ও এ্যালুমিনিয়াম খুচরো ও পাইকারী পাওয়া যায়।
খানপুর, হাটতলা, হুগলী

ন্যাশনাল স্কুল গেমসে সেরা ফুটবল উপহার হরিপালের স্কুল পড়ুয়া বিকাশ প্রতিহারের

বিদ্যুৎ ভৌমিক ঃ গরীব ঘরেই প্রতিভার জন্ম হয়। সেই সুপ্ত প্রতিভার বিচ্ছুরণ ঘটিয়ে মানুষ আমাদের আটপৌরে জীবনে অবিসংবাদিত নজির স্থাপন করে। হুগলি জেলার হরিপাল ব্লকের অন্তর্গত অলিপুর কাশীপুর গ্রাম পঞ্চায়েতের অধীন পানিশেওলা গ্রামের তপশিলি জাতিভুক্ত পরিবার থেকে উঠে আসা বাসুদেবপুর বিদ্যামন্দিরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থী সদ্য সতের বৎসরে পা দেওয়া সম্ভাবনাময় ফুটবল খেলোয়াড় বিকাশ প্রতিহার গত ৩১ অক্টোবর থেকে ৪ নভেম্বর ২০২৩ স্কুল গেমস ফেডারেশন অব ইন্ডিয়ার ব্যবস্থাপনায় জম্মু ও কাশ্মীরের শ্রীনগরে অনুষ্ঠিত ৬৭ তম ন্যাশনাল স্কুল গেমস ২০২৩ - ২০২৪ প্রতিযোগিতায় অনূর্ধ্ব ১৯ বিভাগে অংশগ্রহণ করে অভাবনীয় পারফরম্যান্স দেখিয়ে স্বপ্নের ফুটবল খেলে ক্রীড়ামোদীদের মন ভরিয়ে দিয়েছে। সেই সুবাদে নতুন বছরের ২০ জানুয়ারি বাসুদেবপুর বিদ্যামন্দিরের বাৎসরিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে জাতীয় স্কুল গেমসে ফুটবলে অসামান্য পারদর্শিকতার জন্য রাজ্যের মন্ত্রী বেচারাম মান্না,বিধায়ক করবী মান্না প্রমুখের উপস্থিতিতে বিকাশকে মানপত্র ও পুষ্পস্তবক দিয়ে সংবর্ধিত করা হয় ।

হরিপালের উদীয়মান ফুটবলার বিকাশ প্রতিহারের সাফল্যের সংবাদ জেনে পানিশেওলা গ্রামে বিকাশের বাড়িতে আলাপচারিতায় কথা হচ্ছিল। বিকাশের বাবা প্রভাত প্রতিহার সবিস্তারে ছেলের আদ্যোপান্ত জানাতে কসুর করলেন না। দুঃস্থ পরিবারে বেড়ে ওঠা বিকাশের ছোট বয়স থেকেই ফুটবলের প্রতি বিশেষ ঝোঁক ছিল। তবে ছেলের ফুটবলের প্রতি আত্মিক টানের কথা পাড়া পড়শিদের কাছে জেনে ও নিজের চোখে দেখে প্রভাতবাবু বিকাশকে কৈকালা ক্রীড়া সংঘের কোচিং সেন্টারে দেবু স্যারের কোচিং- এ ভর্তি করে দেন ।বিকাশের পায়ের ড্রিবলিং দেখে দেবু স্যার বিকাশকে উত্তরপাড়া সি এ মাঠে প্রখ্যাত প্রশিক্ষক বাস্তব রায়ের অধীনে প্র্যাকটিস করার ব্যবস্থা করে দেন। এই প্রত্যন্ত গ্রাম থেকে উত্তরপাড়ায় অনুশীলন করতে ভোরবেলায় প্রভাতবাবু ছেলেকে কৈকালা স্টেশনে ট্রেনে তুলে দিয়ে আসতেন। তার ফল এখন হাতে হাতে মিলেছে । প্রভাতবাবু ছেলের খেলার মধ্যে নিজের ছোটবেলার খেলাকে খুঁজে পেয়েছেন । বিকাশ ফুটবলে তার জাত চিনিয়েছে। ন্যাশনাল খেলে বিকাশ নিজের নামের প্রতি সুবিচার করেছে।

কথায় বলে, জহুরি জহর চেনে।প্রশিক্ষক বাস্তব রায় বিকাশের ক্রীড়া চাতুর্যে সন্তুষ্ট হয়ে তাকে ঘষেমেজে গড়ে তুলতে সচেষ্ট হলেন। বিকাশও প্র্যাকটিসে কোচের মর্যাদার কোন খামতি রাখেনি ।তারই স্বীকৃতি স্বরূপ ২০১৯ সালে ৪ নভেম্বর থেকে ৮ নভেম্বর পর্যন্ত মণিপুরের ইম্ফলে অনুষ্ঠিত ৬৫ তম ন্যাশনাল স্কুল গেমসে অনূর্ধ্ব ১৪ বিভাগে জাতীয় স্কুল গেমসে খেলার সুযোগ পেয়ে যায় অষ্টম শ্রেণীর ছাত্র ফুটবলে তুখোড় ও লড়াকু বিকাশ। প্রতিভার বিকাশ এভাবেই বিকাশকে বিকশিত করেছে। এখনও সে অতি কায়ক্লেশে উত্তরপাড়ায় নিয়মিত অনুশীলনে নিজেকে ডুবিয়ে রেখেছে।সেই সঙ্গে স্কুলের পড়াশুনায় মনোনিবেশে তার ঘাটতি নেই। বিকাশের বাবা ও মা পূর্ণিমা দেবী চান ছেলের ফুটবল জীবন সুদূরপ্রসারী হোক।ভালো ফুটবল খেলে হরিপাল তথা বাংলার ফুটবল জগতকে সমৃদ্ধ করুক।

বিকাশ স্টপারে খেললেও তার আদর্শ ফুটবলার সুনীল ছেত্রী।স্কুলের কোচ শিক্ষিকা অনিন্দিতা কুন্ডুর অকৃপণ সহযোগিতাকে পাথেয় করে বিকাশ আগামী দিনে মোহনবাগানে খেলার স্বপ্ন দেখে। বিকাশের ফুটবল দক্ষতার পরিচয় পেয়ে গ্রামের ফুটবলপ্রেমীদের বক্তব্য, ক্ষ্মএরকম প্রতিভা যেন অকালে ঝরে না যায়। সে ব্যাপারে আমরা সদা সর্বদাই তার পাশে আছি ও আগামী দিনেও থাকবো।ক্ষ্ম তবে বিকাশের সাফল্যে স্থানীয় পঞ্চায়েতের কোনও ভূমিকা নেই।তবে রাজমিস্ত্রি পিতার ঘাম ঝরানো মেহনত বিকাশকে উদ্বুদ্ধ করতে সমর্থ হয়েছে বলা চলে। সেই সঙ্গে স্কুলের শিক্ষকরা বিকাশের গুণপনায় পঞ্চমুখ। তবে এটুকু না বললেই নয়, শত প্রতিবন্ধকতার পাহাড় ডিঙিয়ে জাতীয় স্তর পর্যন্ত পৌঁছানোর পথটা (ভোরের ট্রেন ধরে উত্তরপাড়ায় প্র্যাকটিস, সেখান থেকে ফিরে ঠিক সময়ে স্কুল ধরা চাট্টিখানি ব্যাপার নয়)যে খুব মসৃণ ছিল না, তা সহজেই অনুমেয়। বিকাশ ছোট ঠিকই, কিন্তু ও যেন কোথাও হরিপালের মানুষকে স্বপ্ন দেখাচ্ছে ও নিজের জাত চেনাচ্ছে। সাবাশ বিকাশ, সাবাশ !!

দল থাকলে রোজগার থাকবে ! বিতর্কিত মন্তব্য লাভলি মৈত্রর

নিজস্ব সংবাদদাতা ঃ সামনেই লোকসভা নির্বাচন।আর লোকসভা নির্বাচনের আগে নিজেদের সাংগঠনিক শক্তিকে আরো শক্তিশালী ও মজবুত করার লক্ষ্যে ইতিমধ্যেই রাজনৈতিক ভোট ময়দানে নেমে পড়েছে সকল রাজনৈতিক দলের নেতা কর্মীরা। লোকসভা নির্বাচনে ভালো ফল করার আশায় ইতিমধ্যেই দক্ষিণ ২৪ পরগণার বিভিন্ন এলাকায় বুধ ভিত্তিক কর্মীসভা করছে সবুজ ঘাসফুল শিবির। রবিবার ৪ ফেব্রুয়ারি সোনারপুর দক্ষিণ বিধানসভা কেন্দ্রের প্রতাপনগরের একটি বুথ ভিত্তিক কর্মী সম্মেলনে উপস্থিত হন সোনারপুর দক্ষিণের বিধায়ক লাভলী মৈত্র। সেই কর্মী সম্মেলন থেকে কার্যত দলীয় কর্মীরা কীভাবে রোজগার করেন, সব তার জানা রয়েছে- কার্যত এই ভাষাতেই দলীয় কর্মীদের সতর্ক করলেন বিধায়ক। এখানেই শেষ নয়, দলের কর্মীদের কার্যত হুঁশিয়ারি দিয়েছেন সোনারপুর দক্ষিণ বিধানসভা কেন্দ্রের বিধায়ক লাভলি মৈত্র। লোকসভা ভোটে ভাল ফলাফল না হলে সেই বুথের বুথ সভাপতি ও প্রধানকে পথ থেকে সরানোর হুঁশিয়ারি দিলেন সোনারপুর দক্ষিণ কেন্দ্রের বিধায়ক অরুন্ধতী মৈত্র ওরফে লাভলি। রবিবার দক্ষিণ ২৪ পরগণার সোনারপুর দক্ষিণ বিধানসভার প্রতাপনগরে একটি বুথ সম্মেলনের বক্তব্য রাখতে গিয়ে লাভলী মৈত্র বলেন,“শুধু গ্রুপ বাজি চলছে। গ্রুপ বাজি বন্ধ করতে হবে। লোকসভা ভোটের আগে শেষবারের মতো বলে যাচ্ছি যদি কোন বুথে হেরে যাই তাহলে সেই বুথ থেকে সভাপতি ও অঞ্চলের প্রধান এবং অঞ্চল সভাপতিকে পদত্যাগ করতে হবে। কোন রকম অজুহাত শোনা হবে না। দলের কাজ করবেন না শুধু আসন অলংকার করে বসে থাকবেন তা চলতে দেওয়া যাবে না। মুখ্যমন্ত্রীর সঙ্গে এই বিষয় নিয়ে কথা বলে ঠিক হবে। বাড়িতে বসে রাজনীতি করা যাবে না। মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নকে পৌঁছে দিতে হবে। দল থাকলে তবেই আপনার রোজগার থাকবে। দল না থাকলে কিছুই থাকবে না। মানুষ ভোট দিচ্ছেন কিন্তু আপনারা মানুষের কাছে যাচ্ছেন না। যে সমস্ত সদস্যরা মানুষের সঙ্গে মিশতে পারে না তাদের দলে থাকার নেই। বাইরে থেকে লোক নিয়ে এসে কাজ হবে।” এ বিষয়ে সিপিএম নেতা সুজন চক্রবর্তী বলেন,অবিলম্বে রাজ্যের মুখ্যমন্ত্রীর উচিত পুলিশকে দিয়ে এই বিধায়ককে জিজ্ঞাসাবাদ করা দলে থেকে তৃণমূল কর্মী, সমর্থক থেকে শুরু করে নেতাকর্মীরা কত টাকা ইনকাম করেছে।তৃণমূল মানেই কি করে খাওয়ার জায়গা - সেটাই এখন জিজ্ঞাসা হয়ে গিয়েছে সাধারণ মানুষের।দল করেই কি লুটেপুটে খাচ্ছে দলের কর্মী সমর্থকরা ? সেটা আবারও কি প্রকাশ্যে বলে ফেলল বিধায়ক।আগামী লোকসভা নির্বাচনে মানুষ সবকিছু দেখছে এবং জনগণ এর যোগ্য বিচার করবে।

ধনিয়াখালি এমএলএ কাপের ফাইনালে অসীমা পাত্রর সঙ্গে লাভলি মৈত্র, ফিরদৌস বেগম ও অরিন্দম গুইন।

(প্রথম পাতার পর)

এক নজরে

আন্দোলন। আমার নাম সংগ্রাম, মমতা বন্দ্যোপাধ্যায়।

● প্রয়াত বিশিষ্ট শিশু সাহিত্যিক ভবানীপ্রসাদ মজুমদার।

● “আমি জমিদার নই, জোতদার নই, আমি আপনাদের পাহারাদার” ,হাওড়ার প্রশাসনিক সভায় দৃপ্ত কণ্ঠে ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

● ১০০ দিনের কাজের দুর্নীতির তদন্তে এই প্রথম রাজ্যের বিভিন্ন জায়গায় হানা দিল ইডি ! অভিযোগের এতদিন পর শুরু তদন্ত! হঠাৎ সক্রিয় ইডি ! এটা কি শুধুই চমক না ভোটের রাজনীতি !

● ১০০ দিনের কাজে দুর্নীতির তদন্তে হুগলি,ঝাড়গ্রাম, মুর্শিদাবাদ সহ রাজ্যের বিভিন্ন জায়গায় সাত সকালেই হানা দিল ইডি। ঘটনাকে কেন্দ্র করে প্রবল চাঞ্চল্য রাজনৈতিক মহলে।

● নিজের ছ'মাসের মেয়েকে আছড়ে মেরে ফেলার অভিযোগ উঠল বাবা মায়ের বিরুদ্ধে। মুর্শিদাবাদের ডোমকল থানা এলাকার ঘটনা। প্রবল চাঞ্চল্য এলাকায়।

● “গ্রুপ বাজি বন্ধ করুন। দল থাকলে রোজগার থাকবে। লোকসভা ভোটে যে বুথে লিড হবে না সেই বুথের সদস্য,বুথ সভাপতি ও প্রধানকে আমি পদত্যাগ করাবো”, প্রতাপনগরে বুথ ভিত্তিক কর্মীসভায় বিস্ফোরক মন্তব্য করলেন সোনারপুর দক্ষিণের তৃণমূল বিধায়ক লাভলি মৈত্র।

● চাকরি দেওয়ার নাম করে দশ লক্ষ টাকা প্রতারণার অভিযোগে হাওড়া থেকে একজনকে গ্রেফতার করল ধনেখালি থানার পুলিশ।ধৃতের নাম নিশিকান্ত জানা,বাড়ি ধনেখালির দশঘরায়।

● রাস্তার বেহাল দশা ! বাধ্য হয়ে সরকারি গাড়ি ছেড়ে টোটোয় করে মাসির বাড়ি গেলেন রাজ্যের মন্ত্রী ! পূর্ব বর্ধমান জেলার রায়নার পলাশন পশ্চিমপাড়া এলাকার ঘটনা।

● মমতার মাস্টারস্ট্রোক ! ১০০ দিনের কাজের ২১ লক্ষ শ্রমিকের বকেয়া মজুরি ২১ ফেব্রুয়ারি অ্যাকাউন্টে পাঠিয়ে দেবে রাজ্য সরকার,ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

● ভারতরত্ন সম্মান পাচ্ছেন লালকৃষ্ণ আডবাণী, ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

● প্রাথমিক শিক্ষক নিয়োগের মেধা তালিকা প্রকাশ করল পর্ষদ।তালিকায় মোট ৯৫৩৩ জনের নাম আছে। সুপ্রিম কোর্টের সবুজ সংকেত পাওয়ার পর মেধা তালিকা প্রকাশ করল পর্ষদ।

● আর্থিক দুর্নীতি মামলায় ইডির হাতে গ্রেফতার ঝাড়খণ্ডের সদ্য প্রাক্তন মুখ্যমন্ত্রী হেমন্ত সরেন।

● চলে গেলেন ধনেখালির কামালপুরের বিশিষ্ট কবি সন্ধ্যা রং। এলাকায় শোকের ছায়া।

● বদলি হয়ে গেলেন ধনেখালির বিডিও সারোয়ার আলি।উনি ব্যারাকপুর ২ ব্লকের বিডিও হয়ে যাচ্ছেন।ধনেখালির নতুন বিডিও হচ্ছেন রাজর্ষি চক্রবর্তী।

● বদলি হয়ে গেলেন পূর্ব বর্ধমানের জেলা শাসক পূর্ণেন্দু কুমার মাজি। উনি বীরভূমের জেলা শাসক হয়ে যাচ্ছেন।আর পূর্ব বর্ধমানের নতুন জেলা শাসক হলেন বিধান চন্দ্র রায়।

● ভয়াবহ পথ দুর্ঘটনায় জামালপুরের কেরিলি এলাকায় মৃত ১, আহত ২

● “মমতা ব্যানার্জি বা মোদীর দয়াতে কেউ বেঁচে নেই”,বিস্ফোরক নওসাদ সিদ্দিকী।

● বাঘের আক্রমণে কুলতলিতে আবারও মৃত্যু হল শ্রীদাম হালদার নামে বছর পঁয়তাল্লিশের এক ব্যক্তির। প্রবল চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়।

● হুগলির পোলবায় সোমবার রাতে পরিত্যক্ত একটি কারখানার সামনে থেকে এক পঞ্চাশোর্ধ্ব মহিলার নলিকাটা দেহ উদ্ধার ঘিরে চাঞ্চল্য এলাকায়। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

● তৃণমূল নেতার শিবু হাজরার অভিযোগের ভিত্তিতে সন্দেশখালি কান্ডে গ্রেফতার প্রাক্তন সিপিএম বিধায়ক নিরাপদ সর্দার।

● শিপতাই বিবেকানন্দ গ্রামীণ সেবা সংঘের পরিচালনায় রবিবার শিপতাই সংঘ প্রাঙ্গনে অনুষ্ঠিত হল স্বেচ্ছায় রক্তদান শিবির। এই শিবিরে মোট ৫০ জন ব্যক্তি রক্তদান করেছেন বলে জানা গেছে।

খবর সোজাসুজি'র খবরের জেরে নড়ে চড়ে বসল প্রশাসন ! খবর প্রকাশিত হওয়ার কয়েক দিনের মধ্যেই ধনেখালির মহরমপুর ব্রাক্ষ্মণ পাড়ায় রাস্তার পাশে পিএইচই'র ফেটে যাওয়া পাইপ মেরামতির উদ্যোগ নিল প্রশাসন।খুশির হাওয়া এলাকাবাসীর মধ্যে।

Owner, Publisher & Printer- Israil Mallick , Published from- Vill- Mathurapur, P.O.- Shiptai, P.S. Jamalpur, Dist- Purba Bardhaman Pin- 712308, State-West Bengal
Printed at- Two Star Offset Press, 27 No. Laskardighi West (Near Rongtuli Goli), Burdwan, Pin- 713101
Editor- ISRAIL MALLICK, Mobile - 9434566498, E-mail -khaborsojasuji@gmail.com